দুর্নীতিমুক্ত পরিবেশ গড়া বড় চ্যালেঞ্জ: এ্যানি



সংগৃহীত ছবি

পানিসম্পদ মন্ত্রী ও বিএনপির যুগ্ম মহাসচিব শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি বলেছেন, দেশে দুর্নীতির বিস্তার রোধ করে স্বচ্ছ পরিবেশ তৈরি করা বড় চ্যালেঞ্জ। সততাকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হচ্ছে এবং অর্পিত দায়িত্ব আমানত হিসেবে পালন করতে তিনি সজাগ আছেন বলে জানান।

শনিবার (২১ ফেব্রুয়ারি) দুপুরে লক্ষ্মীপুর টাউন হল ও পাবলিক লাইব্রেরি মিলনায়তনে জেলা প্রেস ক্লাব আয়োজিত সুধী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

এ্যানি বলেন, মন্ত্রিপরিষদের বৈঠকে তারেক রহমানের বক্তব্যে তিনি ইতিবাচক বার্তা পেয়েছেন। শুরু থেকেই মন্ত্রণালয় ও বিভাগগুলোর কাজে তদারকি বাড়ানো হয়েছে।

তিনি আরও বলেন, দলীয় বা রাজনৈতিক প্রভাবে কোনো সাধারণ মানুষ বা ব্যবসায়ী ক্ষতিগ্রস্ত হবে না। দায়িত্ব পালনে স্বচ্ছতা বজায় রাখাই তার অঙ্গীকার।

বিরোধী দলকে উদ্দেশ্য করে তিনি বলেন, নির্বাচন নিয়ে 'ইঞ্জিনিয়ারিং' বা 'ম্যানেজ' মন্তব্য না করে সহযোগিতার মনোভাব দেখানো উচিত।

প্রেস ক্লাব সভাপতি আ হ ম মোশতাকুর রহমানের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক সাঈদুল ইসলাম পাবেলের সঞ্চালনায় অনুষ্ঠানে স্থানীয় বিভিন্ন রাজনৈতিক ও সামাজিক নেতারা উপস্থিত ছিলেন।

LENS ASIA